# রাজশাহী বোর্ড-২০১৯

## ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড : | ১ | ৫ | ২ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি করে প্রশ্ন নিয়ে মোট ৭টি প্রশ্নের উত্তর দাও।]*

### ফিন্যান্স অংশ

১. জনাব সোহেল ও রুবেল দুইজন রড-সিমেন্ট ব্যবসায়ী। জনাব সোহেল ব্যবসায়ের বিগত বছরের আয় ব্যবহার করে রড-সিমেন্টের পাশাপাশি ঢেউটিন ও সিমেন্ট ব্যবসায় শুরু করেন। অপরদিকে, জনাব রুবেলের ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান ও উপযুক্ত আর্থিক পরিকল্পনার অভাবে তিনি তার ব্যবসায়ের অর্জিত মুনাফার সবটুকু প্রতিষ্ঠানে পুনঃবিনিয়োগ না করে পরিবারের ভোগ-বিলাসী পণ্যদ্রব্য ক্রয়ের জন্য খরচ করেন।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১

খ. কোন ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যক্তিগত সম্পত্তি দিয়ে দায় পরিশোধ করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সোহেলের ব্যবসায়ে অর্থায়নের কোন নীতি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রুবেলের ব্যবসায়িক কার্যক্রমের আলোকে কারবারি অর্থায়নের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২.► মি. সোহরাব একটি প্রকল্পে ৫০ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। তার সামনে 'শাপলা' ও 'পদ্ম' নামে দুটি প্রকল্প রয়েছে। শাপলা প্রকল্প থেকে আগামী চার বছরে অবচয় ও করপূর্ব আয় (সম্ভাব্য) যথাক্রমে ১৫ লক্ষ টাকা, ১৮ লক্ষ টাকা, ২০ লক্ষ টাকা ও ২২ লক্ষ টাকা পাওয়া যাবে বলে ধারণা করা হয়। 'শাপলা' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.০৯ বছর নির্ধারণ করা হয়। অপরদিকে, 'পদ্ম' প্রকল্প থেকে আগামী চার বছরে যথাক্রমে ১.৩৫ লক্ষ টাকা, ১.৭৫ লক্ষ টাকা, ৮.৭৫ লক্ষ টাকা ও ১২.২৫ লক্ষ টাকা করপরবর্তী নিট মুনাফা পাওয়া যাবে বলে অনুমান করা হয়। উভয় প্রকল্পের ক্ষেত্রে কোম্পানির কর হার ৩০%।

ক. পণ্য বৈচিত্র্যায়ন কাকে বলে? ১

খ. মূলধন বাজেটিং-এর ক্ষেত্রে পে-ব্যাক সময় পদ্ধতির তুলনায় গড় মুনাফার হার পদ্ধতি উত্তম কেন? ব্যাখ্যা করো। ২

গ. শাপলা প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. মি. সোহরাবের জন্য কোন প্রকল্পটি উপযুক্ত হবে? পে-ব্যাক সময়ের ভিত্তিতে মতামত দাও। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ X কোম্পানির মোট মূলধন ১০০ কোটি টাকা, যার মধ্যে ৪০% সাধারণ শেয়ার এবং ৬০% ঋণ মূলধন বিদ্যমান। এক্ষেত্রে কোম্পানির ঋণ মূলধন ব্যয় ১৩% এবং কর হার ৩০%। কোম্পানির বার্ষিক সাধারণ সভায় সাধারণ শেয়ার মূলধন ২০% এবং ঋণ মূলধন ৮০% রাখার সিদ্ধান্ত হয়। অপরদিকে, Y কোম্পানির প্রতিটি ৫০০ টাকা মূল্যের ১০ লক্ষ সাধারণ শেয়ার মূলধন রয়েছে। তবে বর্তমানে প্রতিটি শেয়ারের বাজারমূল্য ৭৫০ টাকা। এ কোম্পানিটি গত বছরে শেয়ারপ্রতি ১২% হারে লভ্যাংশ দিয়েছিল। এ লভ্যাংশের হার প্রতি বছর গড়ে ৫% হারে বৃদ্ধি পায়।

ক. কোন ধরনের শেয়ার মালিকরা নির্দিষ্ট হারে লভ্যাংশ পেয়ে থাকে? ১

খ. জমি বিক্রয় করে প্রাপ্ত টাকা বন্ধুকে ধার দিলে এর সাথে কীভাবে সুযোগ ব্যয় জড়িত? ব্যাখ্যা করো। ২

গ. Y কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. X কোম্পানির মূলধন কাঠামো পরিবর্তনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪.▶ 'X' কোং লি.-এর চলতি বছরে মুনাফা কম হওয়া সত্ত্বেও গত বছরের অর্জিত মুনাফা থেকে লভ্যাংশ ঘোষণা করেন। আগামী বছরে একটি নতুন কারখানা স্থাপন করার লক্ষ্যে ২০,০০,০০০ টাকা ব্যাংক থেকে ছয় বছর পর পরিশোধের শর্তে ঋণ গ্রহণ করেন।

ক. বাণিজ্যিক পত্র কাকে বলে? ১

খ. প্রতিষ্ঠান কখন মজুত পণ্য ব্যবহার বা বিক্রি করতে পারে না? ব্যাখ্যা করো। ২

গ. 'X' কোং লি. লভ্যাংশ প্রদানে অভ্যন্তরীণ কোন উৎস ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'X' কোম্পানি লি.-এর অর্থায়নের উৎস নির্বাচনে বিবেচ্য বিষয় মূল্যায়ন করো। ৪

৫.▶ খান এন্ড কোং বিগত কয়েক বছর ধরে শেয়ারপ্রতি ১০ টাকা হারে লভ্যাংশ প্রদান করেছিল। কোম্পানিটির মুনাফার পরিমাণ প্রতি বছর ওঠা-নামা করে। বার্ষিক সাধারণ সভায় প্রতি বছর মুনাফার একটি নির্দিষ্ট অংশ লভ্যাংশ হিসেবে প্রদান করার পক্ষে অনেকে মত দেন। আবার, অনেকে কমপক্ষে ১২% হারে লভ্যাংশ ঠিক রেখে অর্জিত মুনাফা অনুসারে বাড়তি লভ্যাংশ প্রদান করার পক্ষেও মত প্রদান করেন। উক্ত কোম্পানিতে মি. জামান আমানতের বিপরীতে ১ লক্ষ টাকা বিনিয়োগ করেন। কিন্তু সাধারণ সভায় কোনো বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তিনি মতামত দিতে পারেন না।

ক. শেয়ার কাকে বলে? ১

খ. শেয়ার বাজারের গতি বা সার্বিক অবস্থা বোঝার জন্য কী ব্যবহার করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. মি. জামান কোন বিনিয়োগ হাতিয়ারে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. খান এন্ড কোম্পানির জন্য উপযুক্ত লভ্যাংশ নীতির সপক্ষে মতামত দাও। ৪

৬. মিসেস ফারিহা সুলতানা একজন সরকারি চাকরিজীবী। তিনি অবসরকালীন সময়ে প্রাপ্ত অর্থ অন্বেষা কোম্পানির বন্ডে ১৫% সুদে পাঁচ বছরের জন্য বিনিয়োগ করেন। কিন্তু হঠাৎ তার ছেলে আসিক অসুস্থ হওয়ায় টাকার প্রয়োজন হলে তিনি উক্ত বন্ডটি বাজারে বিক্রি করতে পারেননি। পরবর্তীতে মেয়াদপূর্তিতে উক্ত অর্থ হাতে আসলে তিনি 'স্বপ্ন' ও 'আশা' নামক দুটি প্রকল্পে উক্ত অর্থ বিনিয়োগ করতে চান। 'স্বপ্ন' প্রকল্পের বিগত ছয় বছরের আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, –৫%, ১৫%, ৮%, ০%। আশা প্রকল্পের ঝুঁকির পরিমাণ ১২.৬২%, গড় আয়ের হার ৮%।

ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১

খ. কোম্পানি শুধু সঞ্চিতি তহবিলের মাধ্যমে অর্থায়ন করলে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়? ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. মিসেস ফারিহা সুলতানা প্রাথমিকভাবে বিনিয়োগের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস ফারিহার জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## ব্যাংকিং অংশ

**৭.** রংপুর বিভাগের কৃষি উন্নয়নের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমতি নিয়ে 'গোমতি ব্যাংক' নামে একটি ব্যাংক প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে উক্ত ব্যাংকটি কৃষকদের সার, বীজ ও কীটনাশক কেনার জন্য ঋণ দিয়ে থাকে। পরবর্তীতে ব্যাংকটি সাধারণ ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে জনগণকে ঋণদান ও আদায়ে মানুষের আস্থা অর্জন করে। সম্প্রতি শাহীন নামের এক বিশিষ্ট ব্যবসায়ী সাময়িক অর্থ সংকটে পড়লে 'গোমতি ব্যাংক'-এর কাছে আবেদন করে। ব্যাংক তার আর্থিক অবস্থা ভালোভাবে যাচাই না করে এবং কোনো প্রকার জামানত ছাড়াই বড় অঙ্কের ঋণ প্রদান করে। পরবর্তীতে ঋণের টাকা যথাযথভাবে আদায় করতে পারছে না বিধায় তার সাথে ব্যাংকের সম্পর্কের অবনতি ঘটে।

ক. দ্রব্য বিনিময় প্রথা কাকে বলে? ১

খ. ধাতব মুদ্রার ব্যবহার দ্রুত পরিবর্তন হয়েছে কেন? ব্যাখ্যা করো। ২

গ. আঞ্চলিক শ্রেণিবিভাগের ভিত্তিতে 'গোমতি ব্যাংক' সর্বপ্রথম কোন ধরনের ব্যাংক হিসেবে গঠিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব শাহীনের সাথে গোমতি ব্যাংকের সম্পর্কের অবনতির কারণ ব্যাংকিং নীতিমালার আলোকে মূল্যায়ন করো। ৪

**৮.** ▶ কুমিল্লা শহরে বর্ণা, অর্ণা ও স্বর্ণা নামে তিনটি ব্যাংকের শাখা রয়েছে। ব্যাংকগুলো প্রতিদিন মক্কেলদের সাথে হাজারো লেনদেন করে থাকে। এক ব্যাংকের চেক, ড্রাফট, পে-অর্ডার অন্য ব্যাংকের কাছে জমা হয়, যা অর্পি ব্যাংক বর্ণা, অর্ণা ও স্বর্ণা ব্যাংকের প্রতিনিধিদেরকে নিয়ে তাদের মধ্যকার লেনদেন সম্পাদন করে থাকে। অর্পি ব্যাংক দেশে নতুন নতুন ব্যাংক স্থাপনের মাধ্যমে বহুলোকের কাজের সুযোগ তৈরি করে দেয়। তাছাড়া যুক্তরাষ্ট্রের ১ ডলার কেনার জন্য আমাদের দেশের কত টাকার প্রয়োজন হবে তা নির্ধারণ করে দেয়।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১

খ. পটুয়াখালী এলাকার ভূমিহীন কৃষকদেরকে সহজ শর্তে ঋণ প্রদানের প্রকল্প অনুমোদনের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংকের কোন উদ্দেশ্য সম্পাদন হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণা, অর্ণা ও স্বর্ণা ব্যাংকের সাথে অর্পি ব্যাংকের কী ধরনের সম্পর্ক সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে অর্পি ব্যাংকের সাধারণ ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন করো। ৪

**৯.** ▶ জনাব আব্দুল করিম একজন ব্যবসায়ী। তিনি বেশিরভাগ লেনদেন 'করতোয়া' ব্যাংকের মাধ্যমে করেন। আব্দুর রহিম নামক একজন ব্যক্তিকে ব্যবসায়িক কাজে একটি চেক প্রদান করেন।

teachingbd24.com

চেকের উপরে বাম কোণে আড়াআড়ি দুইটি রেখা টেনে রেখাদ্বয়ের মধ্যে A/c Payee লিখে দিলেন। তার একজন দেনাদার জনাব মামুন তাকে পঞ্চাশ হাজার টাকার একটি বান্ডেল দিলেন। পরের দিন উক্ত টাকা ব্যাংকে জমা দেওয়ার পূর্বেই তিনি বান্ডেলের ভিতর ৫০০ টাকার দুইটি জাল নোট দেখতে পেলেন। ফলে তিনি নিজের পকেট থেকে দুইটি পাঁচশত টাকার নোটসহ উক্ত টাকা ব্যাংকে জমা দিলেন। তিনি ব্যবসায়ের কাঁচামাল কেনার জন্য ব্যাংক থেকে পাঁচ লক্ষ টাকা নিয়ে যথাসময়ে পরিশোধ করেন।

ক. হুকুম চেক কী? ১

খ. আমানতকারী ব্যাংকে টাকা জমা দিলে আমানতকারী ও ব্যাংকের মধ্যে কীরূপ সম্পর্ক সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. আব্দুর রহিমকে প্রদত্ত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংকের প্রতি গ্রাহক হিসেবে আব্দুল করিমের দায়িত্ব মূল্যায়ন করো। ৪

**১০.** জামাল সাহেব একজন চাকরিজীবী। তিনি প্রতিমাসে কিছু অর্থ জমা রাখার উদ্দেশ্যে ১০ বছর পূর্বে তার বাসার কাছের সমতা ব্যাংকে একটি হিসাব খোলেন। ব্যাংকটিতে তিনি দ্রুততম সময়ে সেবা পেয়ে থাকেন এবং একই ব্যাংকে সব ধরনের আধুনিক সুযোগ-সুবিধাও পেয়ে থাকেন। কিন্তু বাড়ি নির্মাণের জন্য ২০ লক্ষ টাকা ঋণ নিতে মমতা ব্যাংকে গেলে তাকে ঋণ প্রদান করা হয়নি। তাই তিনি ঋণের জন্য সমতা ব্যাংকে গেলেন। সমতা ব্যাংকের ম্যানেজার তাকে ২০ লক্ষ টাকা ঋণ দিতে রাজি হলেন। শর্ত হিসেবে উক্ত ব্যাংকে একটি হিসাব খুলে চেকের মাধ্যমে প্রয়োজনীয় অর্থ তুলে খরচ করার পরামর্শ দিলেন।

ক. ফোন ব্যাংকিং কাকে বলে? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জামাল সাহেব সমতা ব্যাংকে কোন ধরনের হিসাব খুলবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জামাল সাহেবের সমতা ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় মূল্যায়ন করো। ৪

**১১.▶** নিলীমা ব্যাংক লি. একটি সুপ্রতিষ্ঠিত ব্যাংক। ব্যাংকটি জনগণের কাছ থেকে বিভিন্ন হিসাবের মাধ্যমে অর্থ সংগ্রহ করে ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করে থাকে। সম্প্রতি ব্যাংকটি জনাব আদিব নামে একজন ব্যবসায়ীকে কিছু টাকা ঋণ মঞ্জুর করে। উক্ত ঋণের টাকা জনাব আদিব ব্যাংকে একটি হিসাব খুলে উক্ত হিসাবের মাধ্যমে উত্তোলন করেন। তাছাড়া নিলীমা ব্যাংক লি. জনাব আদিবকে বিদেশ থেকে পণ্য কেনার সময় রপ্তানিকারককে অর্থ প্রদানের বিভিন্ন রকম নিশ্চয়তাপত্র দিয়ে থাকে। ফলে জনাব আদিবের ব্যবসায়িক কার্যক্রম দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. বিল বাট্টাকরণ কী? ১

খ. আঞ্চলিক উন্নয়নে বাণিজ্যিক ব্যাংক কীভাবে সহায়তা করে? ব্যাখ্যা করো। ২

গ. নিলীমা ব্যাংক লিমিটেড তহবিল সংগ্রহের ক্ষেত্রে কোন ধরনের উৎস ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলির আলোকে নিলীমা ব্যাংক লি.-এর প্রধান কাজ মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট   পূর্ণমান— ৩০   বিষয় কোড: | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিচের কোনটি ঝুঁকিযুক্ত বিনিয়োগ?**
ক ট্রেজারি বিল
খ ব্যাংকে মেয়াদি আমানত
গ ট্রেজারি বন্ড   ঘ বন্ড

**২. লভ্যাংশ সমতাকরণ তহবিলের মাধ্যমে কোম্পানি—**
i. নিজেদের সুনাম অক্ষুণ্ন রাখতে পারে
ii. নিয়মিতভাবে লভ্যাংশ প্রদান করতে পারে
iii. শেয়ারহোল্ডারদের প্রত্যাশা পূরণ করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**৩. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?**
ক নিরীক্ষকের বিল   খ বিমা প্রিমিয়াম
গ বিল বাট্টাকরণ   ঘ ব্যবস্থাপকের ভাতা

**৪. কখন রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর বিরাষ্ট্রীকরণ প্রক্রিয়া শুরু হয়?**
ক ষাটের দশকে   খ সত্তরের দশকে
গ আশির দশকে   ঘ নব্বইয়ের দশকে

**৫. নিচের কোনটির কারণে দ্রব্যমূল্য বৃদ্ধি পায়?**
ক বাণিজ্য ঘাটতি   খ মুদ্রাস্ফীতি
গ স্থিতিশীল রাজনীতি   ঘ তারল্য সংকট

**৬. নিচের কোনটির জন্য চলতি মূলধন ব্যবস্থাপনা করা উচিত?**
ক বিক্রয়লব্ধ অর্থ   খ ব্যাংক ঋণ
গ সংরক্ষিত আয়   ঘ ঋণপত্র বিক্রয়

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আনিসের একটি ব্যাংকের তিনটি শাখার জমাকৃত টাকার তথ্য নিম্নরূপ :

| শাখার নাম | জমা | মুনাফা | উত্তোলন |
|---|---|---|---|
| X | ১,০০,০০০ | ৬,০০০ | ২০,০০০ |
| Y | ১,৫০,০০০ | - | ১,০০,০০০ |
| Z | ১,০০,০০০ | ৮% হারে | |

**৭. মি. আনিস 'X' শাখায় কোন ধরনের হিসাব খোলেন?**
ক চলতি   খ সঞ্চয়ী
গ স্থায়ী   ঘ ডিপিএস

**৮. উদ্দীপকের তথ্য অনুযায়ী—**
i. মি. আনিস 'X' শাখা থেকে সপ্তাহে দু'বারের বেশি টাকা উত্তোলন করতে পারবে
ii. মি. আনিস 'Z' শাখা থেকে তুলনামূলক উচ্চ হারে সুদ পাবেন
iii. মি. আনিস 'Y' শাখা থেকে জমাতিরিক্ত টাকা উত্তোলনের সুযোগ পাবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**৯. মূলধন বাজেটিং এর অধিকাংশ অনুমানই কোনটির উপর নির্ভরশীল?**
ক বর্তমানের   খ অতীতের
গ ভবিষ্যতের   ঘ সমসাময়িকের

**১০. আপ্যায়ন খরচ পরিশোধের অক্ষমতায় কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
ক আর্থিক   খ তারল্য
গ সুদ হারের   ঘ ব্যবসায়িক

**উদ্দীপকটি পড়ো এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. কামাল একটি স্টেশনারি দোকানের মালিক। সম্প্রতি ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে তিনি দুই লক্ষ টাকার একটি ফটোকপি মেশিন ৫ বছর ব্যবহারের জন্য একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি করেন এবং সে অনুযায়ী মাসিক অর্থ পরিশোধ করেন।

**১১. মি. কামালের ফটোকপি মেশিনটির অর্থায়নের উৎস কোনটি?**
ক ঋণ   খ ঋণপত্র
গ লিজিং   ঘ বাণিজ্যিক পত্র

**১২. মি. রবি চেকের মাধ্যম একটি কম্পিউটার ক্রয় করলে—**
i. চেকটি বিনিময়ের মাধ্যম হিসেবে কাজ করবে
ii. চেকটি মুদ্রার বিকল্প হিসেবে কাজ করবে
iii. মি. রবির ব্যাংক হিসাবে অর্থ হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**১৩. তহবিল সরবরাহকারীর জন্য যেটি প্রত্যাশিত আয় সেটি তহবিল সংগ্রহকারীর জন্য কী হিসেবে পরিগণিত হয়?**
ক মূলধন খরচ   খ সুযোগ ব্যয়
গ প্রত্যাশিত ব্যয়   ঘ পরিচালন ব্যয়

**১৪. ব্যাংকের সাথে গ্রাহকের সম্পর্কের অবসান ঘটবে যদি—**
i. গ্রাহক তথ্য গোপন করে
ii. গ্রাহক ক্যান্সার রোগে আক্রান্ত হয়
iii. গ্রাহক লেনদেন পরিচালনা করতে অপারগ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**১৫. ছাপাখানার মালিক মি. কাজল মূলধন বাজেটিং এর সাহায্যে নিচের কোন সিদ্ধান্তটি নিবেন?**
ক ছাপানোর যন্ত্র ক্রয়   খ কাগজ ক্রয়
গ কাগজের মান যাচাই   ঘ রং এর মূল্য নির্ধারণ

teachingbd24.com
https://teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রায়হান বার্ষিক ১৫% মুনাফায় ২,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে জমা রাখতে চান। তার বন্ধুর প্রস্তাব ছিল ঐ টাকায় জমি কিনলে ৬ বছর পর তার বিনিয়োগকৃত টাকা দ্বিগুণ হবে। সে তার বন্ধুর প্রস্তাবটি গ্রহণ করেছে।

**১৬. জনাব রায়হান ৩ বছর পর কত টাকা মুনাফা পাবেন?**

ⓚ ৬৬,০০০ ⓚ ৬৬,২০০
ⓖ ২,৬৬,০০০ ⓖ ২,৬৬,২০০

**১৭. উদ্দীপক অনুযায়ী—**

i. জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার ৯%
ii. জনাব রায়হানের সুযোগ ব্যয় ১০%
iii. জনাব রায়হানের বিনিয়োগ সিদ্ধান্ত সঠিক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮. নিচের কোনটি ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব?**

ⓚ আমানত গ্রহণ ⓚ নির্দেশ পালন
ⓖ হিসাবের গোপনীয়তা ⓖ ঋণ পরিশোধ

**১৯. ধাতব মুদ্রার ব্যবহার ক্রমশ সীমিত হয়ে আসার কারণ—**

i. ধাতুর বিকল্প ব্যবহার
ii. ধাতব পদার্থের দুষ্প্রাপ্যতা
iii. ধাতব মুদ্রার দীর্ঘ স্থায়িত্ব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২০. নিচের কোন নীতি ব্যবহার করে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণ করে?**

ⓚ তারল্য ⓚ ব্যাংক হার
ⓖ বিনিয়োগ ⓖ নিরাপত্তার

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**

ABC কোম্পানির সাধারণ শেয়ারের বর্তমান বাজার মূল্য ১০ টাকা। প্রতিষ্ঠানটি এ বছর প্রতি শেয়ারে ১ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করে। অতীত রেকর্ড পর্যালোচনা করে দেখা যায় কোম্পানির লভ্যাংশ গড়ে ১০% বৃদ্ধি পায়।

**২১. ABC কোম্পানির সাধারণ শেয়ারের মূলধন ব্যয় কত?**

ⓚ ১০% ⓚ ১১%
ⓖ ২০% ⓖ ২১%

**২২. ABC কোম্পানি কোন নীতি অনুসরণ করে লভ্যাংশ প্রদান করে?**

ⓚ স্থিতিশীল টাকা লভ্যাংশ
ⓚ বিশেষ লভ্যাংশ
ⓖ লভ্যাংশ প্রদান অনুপাত
ⓖ স্থির হারে লভ্যাংশ সাথে অতিরিক্ত লভ্যাংশ

**২৩. 'ক' ব্যাংকের একটি চেক 'খ' ব্যাংকে জমার মাধ্যমে অর্থ সংগ্রহ করলে কেন্দ্রীয় ব্যাংকের কোন কাজটি সম্পন্ন হবে?**

ⓚ তহবিল সংরক্ষণ ⓚ উপদেষ্টা
ⓖ নিকাশঘর ⓖ ঋণ নিয়ন্ত্রণ

**২৪. বাংলাদেশ ব্যাংকের নির্বাহী প্রধান কে?**

ⓚ গভর্নর ⓚ মহাব্যবস্থাপক
ⓖ ডেপুটি গভর্নর ⓖ পরিচালক

**২৫. বাণিজ্য ঘাটতি দেখা যায় কোন ধরনের অর্থায়নে?**

ⓚ আন্তর্জাতিক ⓚ ব্যবসায়
ⓖ সরকারি ⓖ পারিবারিক

**২৬. নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস?**

ⓚ বাণিজ্যিকপত্র
ⓚ গ্রাম্য মহাজন
ⓖ মজুদ মাল বন্ধকীকরণ
ⓖ প্রদেয় বিল

**২৭. অনিশ্চয়তা ও ঝুঁকি এড়ানোর জন্য বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংকের কোন নীতি মেনে চলা বাঞ্ছনীয়?**

ⓚ সুনামের ⓚ সততার
ⓖ সাবধানতার ⓖ মিতব্যয়িতার

**২৮. অর্থ বিনিয়োগ না করলে কোনটি সৃষ্টি হয়?**

ⓚ সুযোগ ব্যয় ⓚ মুনাফা
ⓖ চলতি ব্যয় ⓖ দায়

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব মাশরাফি দুটি কোম্পানিতে বিনিয়োগ করেছেন। 'ক' কোম্পানির ৫ কাঠা জমির বিপরীতে বিনিয়োগকৃত অর্থ তিনি ৩ বছর পর ফেরত পাবেন। 'খ' কোম্পানির বিনিয়োগ থেকে গত কয়েক বছর কোনো আয় না পেলেও এই কোম্পানির পরিচালনা সংক্রান্ত বিষয়ে তিনি মতামত দিতে পারেন।

**২৯. 'ক' কোম্পানিতে জনাব মাশরাফির বিনিয়োগের ক্ষেত্র কোনটি?**

ⓚ বন্ড ⓚ ডিবেঞ্চার
ⓖ সাধারণ শেয়ার ⓖ অগ্রাধিকার শেয়ার

**৩০. উদ্দীপকের তথ্য অনুযায়ী—**

ⓚ জনাব মাশরাফি 'ক' ও 'খ' দুটি কোম্পানির মালিক
ⓚ দুটি কোম্পানির সম্পত্তিতে জনাব মাশরাফির দাবি একই প্রকৃতির
ⓖ 'খ' কোম্পানিতে বিনিয়োগ 'ক' কোম্পানি হতে অধিক ঝুঁকিপূর্ণ
ⓖ 'খ' কোম্পানির অবসায়নে মাশরাফির দাবি সর্বাগ্রে পূরণ করা হবে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com